

নিয়োগ বিজ্ঞপ্তি

০১/০৯/২০২৪ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরো'র সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দা পুরুষ প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম, বয়স	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১. সহকারী প্রোগ্রাম ম্যানেজার (মাইক্রোক্রেডিট) গ্রেড- (IV), বয়স : ৩০-৪৫ বছর। পদ সংখ্যা- ৫ টি (পুরুষ)।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর পাস। আর্থিক প্রতিষ্ঠান/ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৩৭,৭০০/- টাকা। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ, সমন্বিত মাসিক রিপোর্ট তৈরী, মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাসিক ও বাৎসরিক পরিকল্পনা তৈরী করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নকৃত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে সকল শর্ত শিথিলযোগ্য।
২. শাখা ব্যবস্থাপক (মাইক্রোক্রেডিট) গ্রেড- (VI), বয়স : ২৫-৪৫ বছর। পদ সংখ্যা- ১৫ টি (পুরুষ)।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর পাস। আর্থিক প্রতিষ্ঠান/ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সহকারী শাখা ব্যবস্থাপক/শাখা হিসাবরক্ষক হিসাবে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৩১,৫০০/- টাকা এবং কম্পিউটারে (MS word, excel & Internet Browsing) এ কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নকৃত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে সকল শর্ত শিথিলযোগ্য।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং আগামী ২২/০৯/২০২৪ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাহী পরিচালক বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিঃনং-৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। সকল পদের জন্য বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইন্সেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অসুস্থতা ও মাতৃত্বকালীন ছুটি স্ববেতনে ৬ (ছয়) মাস, অর্জিত ছুটির বিপরীতে ভাতা, কল্যাণ তহবিল সুবিধা ও সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- যোগদানের সময় সংস্থার অনুকূলে ১, ২ নং পদের জন্য ১০,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।
- অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ১ ও ২ নং পদের প্রার্থীদের মোটর সাইকেল চালানো জানতে হবে এবং তাদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- নির্বাহী পরিচালক, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গুর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।